

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম
শিক্ষা ভবন, ঢাকা।



স্মারক নং- মাউশি/সেসিপ/SPSU/EFT/৩-১২/২০১৬/ ৫৬২

তারিখ: ০২/০৫/২০১৯ খ্রি.

বিষয়: উপবৃত্তির অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিতরণের লক্ষ্যে বিকাশ একাউন্ট খোলার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর আওতায় পরিচালিত উপবৃত্তি কার্যক্রমের অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিতরণ কার্যক্রম চলমান আছে। এ লক্ষ্যে অগ্রণী ব্যাংক লিঃ এর সাথে একটি সহযোগিতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। অগ্রণী ব্যাংক লিঃ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপবৃত্তির অর্থ বিতরণের জন্য Third Party Service Provider হিসেবে বিকাশ লিমিটেড, স্বাধীনতা টাওয়ার, শহীদ জাহাঙ্গীর গেইট, ৫৪৬ ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬ এর সাথে চুক্তি স্বাক্ষর করে।

উপবৃত্তির অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বিতরণের লক্ষ্যে ২০১৯ শিক্ষাবর্ষ হতে উপবৃত্তি কার্যক্রমে ৬ষ্ঠ ও ৯ম শ্রেণিতে নতুন অন্তর্ভুক্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের মোবাইল একাউন্ট খোলা প্রয়োজন। আগামী ১১/০৫/২০১৯ তারিখ হতে ২৫/০৫/২০১৯ তারিখ পর্যন্ত বিকাশ লি. বিকাশ একাউন্ট খোলার কাজ করবে। বিকাশ একাউন্ট খোলার জন্য সদ্যতোলা ১কপি পাসপোর্ট সাইজের ছবি, পিতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, জন্মসনদের ফটোকপি (না থাকলে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র) এবং একটি সক্রিয় সিমকার্ডসহ (বর্তমানে ব্যবহৃত বিকাশ একাউন্টধারী সিমকার্ড গ্রহণযোগ্য নয়) ব্যবহারযোগ্য একটি মোবাইল হ্যান্ডসেট শিক্ষার্থীকে সঙ্গে আনতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত নির্দেশনা মোতাবেক বিকাশ লি: কে নির্বাচিত শিক্ষার্থীর বিকাশ একাউন্ট খোলার প্রয়োজনীয় সহায়তা প্রদানের লক্ষ্যে উপবৃত্তির আওতাভুক্ত সকল প্রতিষ্ঠান প্রধানকে লিখিতভাবে অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হল।

মোঃ আবু ছুইদ শেখ
(অতিরিক্ত সচিব)
যুগ্ম প্রোগ্রাম পরিচালক

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সেসিপের ৫৪ উপজেলা)

উপজেলা:

জেলা:

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
- ৩। ম্যানেজিং ডিরেক্টর, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা;
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিকাশ লিমিটেড;
- ৫। অফিস নথি।

লোকমান হোসেন
সহকারী পরিচালক (ইকুইটি)
ফোন: ৯৫৭৩৮৯৯